যায়যায়দিন

তারিখ 0 4 APR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৭

# স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবি

যাযাদি রিপোর্ট

নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের নেতারা ২০ এপ্রিলের মধ্যে স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবি জানিয়েছেন।

গতকাল রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা এ দাবি জানান। নির্ধারিত সময়ের মধ্যে এ দাবি মানা না হলে জরুরি অবস্থার মধ্যেও শিক্ষক-কর্মচারীরা ক্লাস বর্জনসহ অনশনের মতো কঠোর কর্মসূচি গ্রহণ করবেন বলে সংবাদ সম্মেলনে সতর্ক করা হয়।

২০ এপ্রিলের মধ্যে সব শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা না হলে ২৩ এপ্রিল চিফ অ্যাডভাইজর, শিক্ষা উপদেষ্টা বরাবর ই-মেইল এবং জেলা প্রশাসকের মাধ্যমে স্মারকলিপি দেয়া হবে। এ স্মারকলিপি আর্মি চিফ বরাবরও পাঠানো হবে। এরপরও দাবি পূরণ না হলে ২৪ এপ্রিল গণস্বাক্ষর কর্মসূচি ও কালো ব্যাচ ধারণ করে ক্লাসে পাঠদান, ২৮ এপ্রিল সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দেশব্যাপী প্রতিটি জেলায় মানববন্ধন এবং ২৯ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত ক্লাস বর্জন করা হবে। এসব কর্মসূচি সত্ত্বেও দাবি পূরণ না হলে ১০ মে থেকে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে অনির্দিষ্টকালের জন্য অনশন কর্মসূচি নেয়া হবে বলে জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পরিষদের সভাপতি প্রিন্সিপাল এশারত আলী। সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ কামাল হোসেন, সিনিয়র সহসভাপতি অ্যাডভোকেট মোস্তফা আহমেদ, প্রিন্সিপাল আবদুল মান্নান, গোবিন্দ ঘোষ, মোঃ শহীদুল ইসলাম প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে বলা হয়, দেশে আট হাজার স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা সরকারের কাছ থেকে কোনো বেতন-ভাতা পান না। তারা বলেন, নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা বর্তমানে শিক্ষকতার মতো একটি মহান পেশায় কর্মরত থাকার পরও বেতন-ভাতাদি না পাওয়ায় অত্যন্ত মানবেতর ও অনিশ্চিত জীবনযাপন করছেন।